গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
হক চেম্বার (৬-৭ তলা)
৩ নং ডি. আই. টি. এক্সটেনশন এ্যাভিনিউ
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

পরিপত্র

স্মারক নং-নিপ/বিবিধ/৫৯০৩(৬১) তারিখঃ ২৯/০৫/২০০২ ইং

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২৮-০৫-২০০২ ইং তারিখের ১৭৮ আর-৬/১এম/২০০২ইং নং স্মারকের পরিপ্রেক্ষিতে নিবন্ধনের জন্য পেশকৃত ভূমি হস্তান্তর দলিলে নিম্নে বর্ণিত বিষয় বাধ্যতামূলক করা হইল এবং দলিল রেজিস্ট্রী কার্যক্রমে উহা যথাযথভাবে অনুসরণ করিবার জন্য রেজিস্ট্রী কর্মকর্তাদের নির্দেশ প্রদান করা হইল।

১। দলিলে হস্তান্তরিত জমির অন্যুন ২০(বিশ) বৎসরের স্বত্ব-স্বার্থের ধারাবাহিক বিবরণ প্রদান করিতে হইবে।

২। উত্তরাধিকার সূত্রে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে মৃত ব্যক্তির স্ত্রী/স্ত্রীগণসহ সকল উত্তরাধিকারীর বর্ণনা ও তাহাদের হিস্যাংশ দলিলে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৩। হস্তান্তরিত জমির অবস্থান ও পরিমাপ নির্দেশক হাত নকসা দলিলের তফসিলে অন্তর্ভুক্ত করিতে হইবে।

৪। "হস্তান্তরিত ভূমির স্বত্ব-স্বার্থ-দখল সম্পর্কে কোন মিথ্যাচার বা সত্য গোপন করার কারণে দলিল গ্রহীতা ক্ষতিগ্রস্ত হইলে ক্ষয়ক্ষতিসহ দলিলে প্রদর্শিত মূল্য ফেরত প্রদানে বাধ্য থাকিবেন এবং কৃত অপরাধের জন্য আইনতঃ দন্ডনীয় হইবেন" মর্মে শর্তটি দলিল দাতা কর্তৃক দলিলের গর্ভে (body) যে কোনো স্থানে অন্তর্ভুক্ত করিতে হইবে।

এই আদেশ আগামী ০১-০৭-২০০২ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

স্বাক্ষর
টি.আই.এম. নূরুন নবী চৌধুরী
মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ

প্রাপকঃ জেলা রেজিস্ট্রার (সকল)।